

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১. ৩০৫


তারিখ: ০৮/০৭/২০২৫

বিষয়: ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০২৪-২৫ অর্থবছরে ঋণ কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় যে, তাঁর দায়িত্বাধীন উপজেলার অর্থবছরের শুরতে অর্থাৎ ৩০/০৬/২০২৪ তারিখে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ছিলো ২০৪.৫৭ লক্ষ টাকা, যা অর্থবছর শেষে অর্থাৎ ৩০/০৬/২০২৫ তারিখে দাঁড়িয়েছে ২৪৭.০১ লক্ষ টাকা। এছাড়া ৩০/০৬/২০২৫ তারিখে কিস্তি খেলাপীর পরিমাণ ১১.৩৩ লক্ষ টাকা অর্থাৎ মাঠে মোট ঋণ স্থিতির ৮৮% খেলাপী ঋণে পরিণত হয়েছে, যার মধ্যে ৮৪% মেয়াদোত্তীর্ণ খেলাপী, যা অত্যন্ত হতাশাজনক।

২। বিতরণকৃত ঋণ যেন খেলাপী ঋণে পরিণত না হয় সে বিষয়ে প্রকল্প দপ্তর থেকে একাধিকবার নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় বিভিন্ন সময়ে অনুষ্ঠিত অগ্রগতি পর্যালোচনা সভা ও আঞ্চলিক সভায় বিতরণকৃত ঋণ শতভাগ আদায় নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়। বারংবার নির্দেশনার পরও তাঁর উপজেলায় মেয়াদোত্তীর্ণ ও কিস্তি খেলাপী ঋণ ক্রমাগতভাবে বৃদ্ধি অব্যাহত রয়েছে। মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ বৃদ্ধির বিষয়টি টেলিফোনে অবহিতকরণসহ খেলাপী ঋণ হ্রাসের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য প্রকল্প দপ্তর থেকে জুম এ্যাপের মাধ্যমে ভারুয়াল সভায় তাগিদ প্রদান করা হয়েছে। তদুপরি খেলাপী ঋণ হ্রাসের বিষয়ে তাঁর কোনরূপ কার্যকর পদক্ষেপ পরিলক্ষিত হয়নি। এতে প্রতিয়মান হয় যে, তিনি তাঁর উপর অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক নন। এছাড়া তিনি তাঁর নিয়ন্ত্রণাধীন মাঠ সংগঠকের নিকট হতে কাঙ্ক্ষিত মাত্রায় কাজ আদায় করতে ব্যর্থতার পরিচয় দিয়েছেন।

এমতাবস্থায়, মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে ব্যর্থতার জন্য কেন তাঁর বিরুদ্ধে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফিলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার সন্তোষজনক জবাব আগামী ১৭/০৭/২০২৫ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন-০২৪১০১০৩৪৩
iresppwad@gmail.com

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)

উপজেলা: সদর, জেলা: ঝালকাঠি

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. উপপ্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা;
২. উপপরিচালক, বিআরডিবি, ঝালকাঠি;
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৫. সংশ্লিষ্ট উপজেলার ঋণ কার্যক্রম তদারকির দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ঢাকা;
৬. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উপজেলা: সদর, জেলা: ঝালকাঠি
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা;
৮. অফিস নথি।